

- [Application](#)
- [Admission Guideline](#)
- [Photo Guideline](#)
- [GST Prospectus](#)
- [GST Universities](#)

২০২৩ – ২০২৪ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ও চূড়ান্ত ভর্তি (পঞ্চম পর্যায়)

পঞ্চম পর্যায়ের প্রাথমিক ও চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া নিম্নে উল্লেখিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

- ১। প্রাথমিক ভর্তি ফি (৫০০০/- টাকা) প্রদান: GST ওয়েবসাইট (<https://gstadmission.ac.bd/>)-এর মাধ্যমে ২২/১১/২০২৪ তারিখ দুপুর ১২:০০ টা হতে ২৩/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত।
- ২। মূল কাগজপত্র জমা ও চূড়ান্ত ভর্তি: প্রাথমিক ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত সময় (সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত সময়সূচী অনুযায়ী)-এ উপস্থিত হয়ে মূল কাগজপত্র জমা দেওয়াসহ বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল হবে।

৩। ইতোপূর্বে কোন বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করে থাকলে এবং পঞ্চম পর্যায়ে GST-এর অন্য কোন বিশ্ববিদ্যালয়ে মাইগ্রেশন হলে পরবর্তী বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে হবে (তবে মূল কাগজপত্র এখন স্থানান্তরের প্রয়োজন নাই)। সেক্ষেত্রে পূর্বে ভর্তিকৃত বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি বাবদ প্রদেয় অর্থ (সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত প্রক্রিয়ার মাধ্যমে) ফেরতযোগ্য।

প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরাকালীন নিম্নলিখিত বিষয়সমূহ সতর্কতার সাথে লক্ষ্যণীয়ঃ

পছন্দক্রমে অন্তর্ভুক্ত যে কোন বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে প্রাথমিক ভর্তির জন্য প্রথমবার নির্বাচিত হবার পরেও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না করলে পরবর্তীতে GST-গুচ্ছভুক্ত কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না। এমনকি কোটায় ভর্তির জন্যও বিবেচিত হবে না।

প্রাথমিক ভর্তি ফি ৫০০০.০০ টাকা অনলাইনে পরিশোধের পরেও নির্ধারিত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দিতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে এবং GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য বিবেচিত হবে না।

কোন আবেদনকারী প্রাথমিক ভর্তি বাতিল করলে পরবর্তীতে GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ থাকবে না।

আবেদনকারীর মেধাক্রম ও পছন্দক্রমের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়-সংশ্লিষ্ট বিভাগসমূহে (পছন্দক্রমে অন্তর্ভুক্ত) মাইগ্রেশন প্রক্রিয়া স্বয়ংক্রিয় পদ্ধতিতে সম্পন্ন হবে।